ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৯৬৪

আগরতলা, ৩০ মে , ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

''জিবিতে পরপর অগ্নিকাণ্ডের ঘটনা, নেই উপযুক্ত ব্যবস্থা," এই শিরোনামে গত ২৫ মে ২০২৫ দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই বিষয়ে জিবিপি হাসপাতালের পক্ষ থেকে প্রেরিত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে, জিবিপি হাসপাতালেএকটি পৃথক ইন্টারনেল ইলেক্ট্রিফিকেশন সাব ডিভিশন অফিস রয়েছে, সেখানে এসডিও (আইই) সহকর্মীরা রয়েছেন। তারা জিবিপি হাসপাতালে বৈদ্যুতিক ত্রুটি সারাই এর কাজদেখভাল করছেন।উল্লেখ্য গত ২৪মে২০২৫ রাত ১১:৩০ মিনিট নাগাদ জিবিপি হাসপাতালের এনটিএইচ বিল্ডিং এর ১ নং গ্রাউন্ড ফ্লোরে জরুরী বিভাগ তথা ইমার্জেন্সি মেডিসিন বিভাগের সুইচবোর্ডে হঠাৎ ধোঁয়া দেখা দেয়। ফোনে এই সংবাদ পাওয়া মাত্র সঙ্গে সঙ্গেই ইলেকট্রিক ডিভিশন এসডিও, পিডব্লিউডি এর স্টাফসহ ঘটনাস্থলে উপস্থিত হন।একই সঙ্গে কুঞ্জবন ফায়ার স্টেশনকে খবর দেওয়া হয়, ঘটনাস্থলে গাড়ি আসে। সঙ্গে সঙ্গেই এসডিও, পিডব্লিউডি স্টাফরা শর্ট সার্কিট রেকটিফাইড করেধোঁয়া নিয়ন্ত্রণ করেন। তাছাড়াও বৈদ্যুতিক সকেটটি রিপ্লেস করে দেওয়া হয় ও বিদ্যুৎ ব্যবস্থা চালু করা হয়। রোগীদেরও কোনও ক্ষয়ক্ষতি হয়নি।

*****